# নির্দিষ্টকরণ (অগ্রিম মঞ্জুরী দান) আইন, ১৯৮৮

( ১৯৮৮ সনের ৩২ নং আইন )

**১৯৮৮-৮৯ অর্থ বছরের কিছু অংশের কার্যসমূহ নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অগ্রিম অর্থ মঞ্জুর দানের জন্য প্রণীত আইন।**

যেহেতু ১৯৮৮-৮৯ অর্থ বত্সরের কিছু অংশের কার্যসমূহ নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে অগ্রিম অর্থ মঞ্জুরী দান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনামা**

১। এই আইন নির্দিষ্টকরণ (অগ্রিম মঞ্জুরী দান) আইন, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

**১৯৮৮-৮৯ অর্থ বত্সরের কিছু অংশের জন্য সংযুক্ত তহবিল হইতে ২৭৪৩,১৮,৪০,০০০ টাকা অগ্রিম উত্তোলন**

২। তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যসমূহ নির্বাহ ও উদ্দেশ্যসমূহ পূরণকল্পে ১৯৮৮-৮৯ অর্থ বত্সরের কিছু অংশের ব্যয় বহনের জন্য তফসিলের কলাম ৩ এ বর্ণিত অর্থের অনধিক অর্থ, সর্বসাকূল্যে দুই হাজার সাতশত তেতাল্লিশ কোটি আঠার লক্ষ, চল্লিশ হাজার টাকা সংযুক্ত তহবিল হইতে প্রদেয় হইবে।

**নির্দিষ্টকরণ**

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে উত্তোলনের জন্য অনুমোদিত অর্থসমূহ উক্ত অর্থ বত্সরের কিছু অংশ সম্পর্কে তফসিলে উল্লিখিত কার্যাদি ও উদ্দেশ্যসমূহের জন্য নির্দিষ্ট করা হইবে।

---

Copyright © 2019, Legislative and Parliamentary Affairs Division